R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
অল্পসময়ে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

জঙ্গিপুর
# সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
৩০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৬ই পৌষ বুধবার, ১৩৮৭ সাল
৩১শে ডিসেম্বর ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯, সডাক ১০

## প্রশাসন ও বাস্তুঘুঘুর টানাপোড়েনে মহকুমা হাসপাতাল

বিমান হাজরা : জঙ্গিপুর হাসপাতালে বাস্তুঘুঘুর বাসা ভাঙতে গিয়ে এক শ্রেণীর কর্মচারীর আঁতে ঘা লেগেছে। নানা ছল-ছুতোয় তাঁরা হাসপাতালে অশান্তি সৃষ্টি করতে চাইছেন। শৃংখলা নেই, অফিসে উপস্থিতির বাধ্যবাধকতা নেই। ইউনিয়নের দাপাদাপি এমন পর্যায়ে পৌঁচেছে যেখানে ভদ্র ও দক্ষ প্রশাসককুলও হার মানছেন। গত কয়দিনে ঐ হাসপাতাল সম্পর্কে পর্যবেক্ষণ করতে গিয়ে অব্যবস্থা ও স্বেচ্ছাচারিতার এই স্পষ্ট চিত্রগুলো চোখে পড়েছে। একটু লক্ষ্য করলে নজরে পড়ে গত কয়েক মাসে জঙ্গিপুর হাসপাতালে সামগ্রিকভাবে না হোলেও পূর্বাবস্থার কিছুটা হেরফের ঘটেছে। অনুপ্রবেশের অস্বাস্থকর পরিস্থিতি থেকে মুমূর্ষু রোগীরা রেহাই পেয়েছেন। দুর্নীতির বিরুদ্ধে নজরদারির কারণে চুরির ঘটনা কিছুটা হ্রাস পেয়েছে। এই অবস্থায় কর্মচারীদের মধ্যে বিক্ষোভ বেড়েছে। নানা তুচ্ছাতিতুচ্ছ ঘটনা নিয়ে তাঁরা অশান্তি সৃষ্টি করতে চাইছেন। রাজনৈতিক দাদাদের মদত পাচ্ছেন তাঁদের স্নেহধন্য হাসপাতালের ভায়েরা। ফলে তাঁরা ক্রমশঃ বেপরোয়া হয়ে উঠেছেন। তাঁদের বেপরোয়া ভাবভঙ্গী হাসপাতালের শান্তি ক্ষুণ্ণ করেছে। একের পর এক চিকিৎসককে প্রহারের ঘটনা নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। শেষ পর্যন্ত হাসপাতাল চত্বরে সশস্ত্র পুলিশের প্রহরাও বসাতে হয়েছে। কিন্তু কেন এই সব অনভিপ্রেত ঘটনা? এই নিয়েই ভাবনা-চিন্তা শুরু করতে পিছিয়ে যেতে হবে কিছুদিন আগের ঘটনাবলীতে। হাসপাতালের কর্মচারীদের মধ্যে মূল ক্ষোভ 'রোষ্টার' নিয়ে। আগে হাসপাতালে 'ডিউটি রোষ্টার' অদল বদল করা হোত না। এর ফলে একই কর্মচারী দিনের পর দিন একই জায়গায় থেকে দুর্নীতির ভিত শক্ত করার সুবিধে পেতেন। এই রোষ্টার ঘোরানোর সিদ্ধান্ত নেন প্রথম ডাঃ এম সি মুখারজী। কর্মীদের অসহযোগিতায় তা কার্যকরী করা যায়নি। ঠিক এই অবস্থায় অস্থায়ী এস ডি এম ও সুব্রত দত্ত রোষ্টার ঘোরানোর সিদ্ধান্ত নিলেন। রোষ্টার ঘুরিয়ে সবার ডিউটি ভাগ করে দেওয়া হোল। এর থেকে

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সরকারী অফিসে প্রতীক ধর্মঘট

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘির রিলিফ ইনসপেক্টর নির্মল বাগচীকে সাসপেন্ড করার প্রতিবাদে ২৭ ডিসেম্বর জেলার সরকারী অফিসগুলিতে একদিনের প্রতীক ধর্মঘট পালন করা হয়। অফিস-আদালতগুলি 'কর্মচারী ঐক্য জিন্দাবাদ' ধ্বনিতে মুখরিত হয়। মুরশিদাবাদের জেলা শাসক ২৪ ডিসেম্বর নির্মল বাগচীকে সাসপেনড করেন। তাঁর বিরুদ্ধে কয়েকটি গুরুতর অভিযোগ রয়েছে বলে প্রকাশ। জেলার সরকারী কর্মচারীরা আচমকা সাসপেনশন আদেশ জারিকে 'অবৈধ ও গণতান্ত্রিক' বলে অভিহিত করেন। এবং এই পদ্ধতির বিরুদ্ধেই তাঁদের প্রতিবাদ বলে জানান। কর্মচারীদের প্রতীক ধর্মঘটের ফলে ওই দিন জেলার কোন সরকারী অফিসে কাজ হয়নি বলে জানা গেছে।

## পুলিশী তৎপরতায় অপহৃত লরি উদ্ধার

নিজস্ব সংবাদদাতা : মুরশিদাবাদ বীরভূম চেকপোষ্টে মোরগ্রাম-নলহাটী সড়কের নাকপুরে ২২ ডিসেম্বর রাত্রে রাস্তা অবরোধ করে সিমেন্ট বোঝাই একটি লরি ( ডবলু জি পি ১০৯৮ ) ছিনতাই হয়। ছিনতাইকারীরা লরিচালক পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জের শিবনাথ সরকারকে মারধোর করে লরি থেকে নামিয়ে লরিটি নিয়ে চম্পট দেয়। ঘটনার কিছুক্ষণ পর জঙ্গিপুরের এস ডি পি ও বহরমপুর থেকে ফেরার পথে মোরগ্রাম লরি অপহরণের সংবাদ পেয়ে দ্রুত ঘটনাস্থলে হাজির হন। সেখানে কয়েকটি লাঠি ও বল্লম পড়ে থাকতে দেখে সেগুলি আটক করেন। তাঁর গাড়ির রেডিও টেলিফোন মারফৎ জঙ্গিপুর পুলিশ বেতারের মাধ্যমে মালদা, বীরভূম ও মুরশিদাবাদের সমস্ত থানায় খবর পাঠানো হয়। গভীর রাত্রে নবগ্রাম পুলিশ পাঁচগ্রাম-কান্দী সড়কে খড়গ্রাম থানার সেরপুরের কাছে ২৪০ বস্তা সিমেন্টসহ পরিত্যক্ত অবস্থায় লরিটি আটক করে নলহাটী পুলিশের হাতে তুলে দেয়। নলহাটী পুলিশ ওই ঘটনার তদন্ত করছে। জানা গেছে, দুর্গাপুর থেকে সিমেন্ট নিয়ে লরিটি শিলিগুড়ি যাচ্ছিল। পথে এই বিপত্তি ঘটে। লরিচালক নলহাটী পুলিশকে ছিনতাইয়ের খবর জানায়।

## দাদাঠাকুর শতবার্ষিকী

নিজস্ব সংবাদদাতা : দাদাঠাকুর শরৎচন্দ্র পণ্ডিতের জন্ম শতবর্ষ পূর্তি হচ্ছে ১৩৮৮ বঙ্গাব্দের ১৩ বৈশাখ। ১২৮৮ বঙ্গাব্দের ওই দিনটিতে অর্থাৎ শতবর্ষ পূর্বে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর তিরোধান দিবসও ১৩ বৈশাখ। দাদাঠাকুরের শতবর্ষ পূর্তিকে স্মরণীয় করে রাখার জন্য এখন থেকে কলকাতা ও জঙ্গিপুরে প্রস্তুতি পর্ব চলেছে। জঙ্গিপুরে এই উপলক্ষে সত্যেন্দ্রনাথ বড়ালকে সভাপতি ও বরুণ রায় ও অনুপ ঘোষালকে সম্পাদক করে জঙ্গিপুর মহকুমা দাদাঠাকুর জন্ম শতবার্ষিকী উদযাপন কমিটি গঠন করা

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আন্ত্রিক রোগের প্রকোপ

অরঙ্গাবাদ, ৩১ ডিসেম্বর—সুতি ১নং পঞ্চায়েত সমিতির বহুতালি গ্রাম পঞ্চায়েতের সিধোর গ্রামে আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব ঘটেছে। এই রোগের প্রকোপে এখন পর্যন্ত দু'জনের মৃত্যু ঘটেছে। জনস্বাস্থ্য বিভাগ অবিলম্বে রোগ প্রতিরোধের ব্যবস্থা না নিলে এ রোগ এলাকায় ছড়িয়ে পড়বে বলে আশঙ্কা করা হচ্ছে।

## সরকারী কর্মীর সাজা

সাগরদীঘি ৩১ ডিসেম্বর—এই থানার নয়াপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক চিরকুমার গাঙ্গুলীকে আঘাত করার অভিযোগে জঙ্গিপুর আদালতের বিচারপতি গোপিকারঞ্জন হালদার ৩২৩ ধারায় দোষী সাব্যস্ত করে পূর্ত বিভাগের চৌকিদার সনৎ মুরমু স্বাস্থ্যকর্মী পঙ্কজ সরেন ও গ্রামবাসী বিজন হেমব্রমকে ২০ দিন কারাবাস অথবা ৬০ টাকা জরিমানার আদেশ দিয়েছেন। ছামুগ্রাম চাঁদের ডাঙ্গার রাধানাথ মুরমুকে প্রমাণ অভাবে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## গঙ্গা দু'জায়গা ভাঙছে

জঙ্গিপুর, ৩১ ডিসেম্বর—গঙ্গা বা পদ্মা নতুন করে আবার দু'জায়গা ভাঙতে শুরু করেছে। ভাঙন কবলিত এলাকাগুলি হল রঘুনাথগঞ্জ থানার পাতলাটোলা মোড় এবং সেকেন্দ্রা-মিঠিপুরের মধ্যবর্তী চর। এর ফলে সেকেন্দ্রা ও মিঠিপুর গ্রাম পঞ্চায়েত দুটি বিপন্ন হয়ে পড়েছে। বন্যার পর থেকে এই ভাঙন শুরু হয়েছে এবং এখনও অব্যাহত আছে বলে গ্রামবাসী সূত্রে জানা গেছে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৬ই পৌষ বুধবার, ১৩৮৭

## ১৯৮১

আশি চলিয়া গেল, একাশি সাল তাহার যাত্রা শুরু করিল। গত রাত্রি বারটা বাজিবার পরই একদিকে বিদায় সম্বর্দ্ধনা, অপর দিকে নববর্ষকে স্বাগত জানান হইয়াছে। কালের রথচক্র অবিরাম চলিয়াছে; ঘূর্ণামান পৃথিবীর বুকে অজস্র উত্থান-পতন ঘটিয়াছে, ঘটিতেছে এবং আরও কত ঘটিবে। কালের গতিতে বিরতি নাই। এই মহাবিশ্বে আমাদের অগোচরে ও অজ্ঞাতে কত প্রলয়, কত সৃষ্টি চলিতেছে; মহাকালের বিশালতার কাছে তাহা এক অতি সীমিত ক্ষণমাত্র। মানুষের কাছে তাহা ধরা পড়ে না। একটি নিমেষ কোটি কোটি বৎসর। বস্তুতঃ মানুষ স্ব-কর্মের সুবিধার্থেই ত কালকে দণ্ড, পল প্রভৃতি অতি ক্ষুদ্র একক হইতে আরম্ভ করিয়া আলোকবর্ষ ইত্যাদি অতি বৃহৎ কাল-এককের সৃষ্টি করিয়াছে। আর এই সময়সীমার মধ্যেই মানুষ তাহার অগ্রগতিকে নানাভাবে চিহ্নিত করিবার প্রয়াস পায়।

১৯৮০ সাল ভাল-মন্দ যাহা কিছু দিয়া গেল, তাহা কালের স্রোতে এক ক্ষীণতম বুদ্‌বুদ। মানুষের জীবন ইতিহাসে তাহার চিহ্ন দিয়া গিয়াছে। ১৯৮১ সাল আরম্ভ হইল। আবার নানা আশা, নানা সম্ভাবনার কথা ভাবিয়া মানুষ কর্মচক্রের পথে আবর্তিত হইবে।

বিগত বৎসরে পৃথিবীর বুকে এই মানুষই ঘটাইয়াছে নানা ঘটনা। শক্তিশালী ও উন্নত রাষ্ট্রগুলি স্ব স্ব আধিপত্য ও প্রভাব বিস্তার করিবার নানা প্রয়াস চালাইয়াছে। সেগুলি যে সবই সার্বজনীন সমর্থন লাভ করিয়াছে, তাহা নয়। তাই আফগানিস্থানে রুশ প্রভাব, কামপুচিয়ার ঘটনা, মধ্যপ্রাচ্যে ইরাক-ইরান সংঘর্ষ প্রভৃতি বিষয়ে নানা মত। রাজনীতির জল বহু উপায়ে ঘোলা হইতেছে; এইগুলি সেই ঘোলা জলে এক একটি আবর্ত।

বিগত বৎসরে ভারতের জাতীয় জীবনে নানা প্রভাব পরিলক্ষিত। উত্তর পূর্বাঞ্চলে যে বিশাল আবর্ত, বৎসর ঘুরিয়া গেলেও তাহা শান্ত হইল না এবং ইহার জন্য সামগ্রিকভাবে ভারতের রাষ্ট্রিয় দিক, অর্থনীতির দিক ক্ষতিগ্রস্ত হইয়াছে। দ্রব্যাদির মূল্যবৃদ্ধি জনজীবনে হতাশার সৃষ্টি করিয়াছে। বিচ্ছিন্নতাবাদীদের ভূমিকা সক্রিয় হইয়াছে। আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের ভূমিকার গুরুত্ব বাড়িয়াছে। দেশে বেকারত্বের অভিশাপে যুবগোষ্ঠী জর্জরিত। কৃষি ও শিল্পের আরও প্রসার প্রয়োজনীয়।

ইত্যাকার পুঁজি লইয়া ভারতকে নূতন বৎসরে চলিতে হইবে। আমরা সব সময় আশাবাদী। তাই দুঃসহ ব্যথার অবসান হইবে বলিয়া মনে করি। রাষ্ট্রিক, সামাজিক প্রভৃতি সার্বিক কল্যাণ নামিয়া আসুক— নববর্ষে এই শুভকামনা সর্বস্তরের মানুষকে জানাইতেছি।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### সংবাদপত্র ও এজেণ্ট

দীর্ঘ চার দশকের বেশী সময় ধরে জঙ্গিপুরে মাত্র একজন এজেণ্ট আছেন যাঁর ব্যক্তিগত সচিব সুধীরবাবুর কাছ থেকে কোনো না কোন ভাবে হয়রান হননি এমন গ্রাহক এই দুই শহরে বিরল। সামান্য অথচ জরুরী একটি দৈনিক সংবাদপত্রের জন্য চোখ রাঙানি থেকে আরম্ভ করে, হিসাবে চূড়ান্ত ভুল, অনিয়মিত ও বাসি সংবাদপত্র নেওয়ার জন্য হুমকি এবং বাধ্যতামূলকভাবে সাহিত্য, সংস্কৃতি ও বিজ্ঞান বিষয়ক পত্রিকা বিলি না করেও তার মাশুল দিতে হয়েছে এমনই হতভাগ্য গ্রাহক আমরা। বহু গ্রাহক এমনও অভিযোগ করেছেন যে, ক্যারিয়ার ডাইজেষ্ট বা কমপিটিসন মাষ্টার না পেয়েও ভদ্রতার খাতিরে মানসম্মান বজায় রাখার জন্য দাম দিতে হয়েছে; প্রতিবাদ করে কোনো ফল হয়নি। সংবাদপত্র নিয়ে স্বেচ্ছাচারিতা ও অনিয়মিত বিলির প্রমাণ দিয়েছে শহরের জনপ্রিয় পাক্ষিক বাণীকণ্ঠ। এই শহরে একটি দৈনিক সংবাদপত্র সেকপীয়রের গোল্ডেন ফ্লিশের চেয়েও মূল্যবান। পত্রিকা অনিয়মিত বিলির প্রতিবাদ বা বাসি কাগজ নিতে অসম্মতি জানালে পরদিন কাগজ বন্ধ করার হুমকি দেখানো হয় গ্রাহককে; কেননা বিভিন্ন কায়দা কানুন ও সমস্ত রকম অস্ত্র প্রয়োগ করা হয়েছে যাতে দ্বিতীয় কোন ব্যক্তি এজেণ্ট হতে না পারেন। এমতাবস্থায় আমাদের অনেকদিনের দুর্দশার কথা চিন্তা করে জনৈক ভদ্রলোক নিজের দায়িত্বে দৈনিক সংবাদপত্র আনতে শুরু করে বাঘের খাঁচায় খোঁচা দিয়েছেন যাতে কম্পিত ও ভীত হয়ে শ্রীগঙ্গাধর সিংহ রায় আবেদনপত্র ছাপিয়ে ( ২৪শে ডিসেম্বর '৮০ ) গ্রাহকদের সতর্ক থাকতে অনুরোধ করেছেন। তিনি যে বিগত বছর থেকে জনসাধারণের সেবা করে আসছেন এমন কথাও লিখেছেন। আমরা কিন্তু বিভ্রান্ত হওয়া দূরের কথা নূতন এজেণ্টকে স্বাগত জানাচ্ছি। সিংহ মশায়ের গোঁসা হওয়ার কারণ বুঝতে পারলাম না। একই শহরে একাধিক এজেণ্ট থাকলে তাঁর আপত্তি করার কোনো কারণ থাকতে পারে না। গ্রাহকদের সঙ্গে তাঁরা যে দুর্ব্যবহার করেছেন তার প্রায়শ্চিত্ত করতেই হবে। পাঠকদের কাছে আবেদন করার প্রয়োজন নেই; পাঠকরা নিজের প্রয়োজনেই ঠিক করবেন কার কাছে কাগজ নেবেন। পক্ষান্তরে সিংহ মশায় যদি (বিগত দিনের) গ্রাহকদের হয়রানির জন্য দুঃখ প্রকাশ করে আবেদন করতেন তাহলে খুশী হতাম।—নন্দকিশোর মৃধা ও আরো আটজন দৈনিক সংবাদপত্র পাঠক, জঙ্গিপুর।

## মহকুমার হাসপাতাল

( ১ম পৃষ্ঠার পর )

বাদ দেওয়া হোল চারজনকে। মদন দাস উর্মিলা মজুমদার এবং যোগেন সরকারকে স্বাস্থ্যের কারণে ডিউটি পরিবর্তিত করা হোল না। অন্যজন আবদুল খায়ের। খায়ের একজন দক্ষ এক্সরে টেকনিসিয়ান। এক্সরে বিভাগে সে থাকলে মানুষ উপকার পাবে। তাই তাকে রোষ্টার ঘোরানোর নিয়ম থেকে নিষ্কৃতি দেওয়া হোল। অন্যান্য কর্মচারীরা সোরগোল তুললেন। খায়ের সাহেব ফেডারেশন কর্মী। অতএব কো-অর্ডিনেশন ওয়ালারা তেলেবেগুনে জলে উঠলেন। ফলে কর্তৃপক্ষ আগামী রোষ্টার পরিবর্তনে এই চারজনকেও ঢুকিয়ে দিলেন। বিচিত্র খেয়াল কর্মচারীদের। তিনজন অসুস্থ মানুষের ঘাড়ে চাপিয়ে দিলেন কাজের বোঝা আর দক্ষ এক্সরেম্যানকে পাঠিয়ে দিলেন কিচেনে শুধুমাত্র রাজনৈতিক প্রতিশোধ নিতে।

২৭ নভেম্বর রাত্রে হাসপাতালের প্রয়োজনে এক ওয়ার্ডমাষ্টারকে ডেকে পাঠানো হোল। রাত তখন ন'টা। তিনি ডাক্তারবাবুদের উদ্দেশ্যে বলে দিলেন অশালীন কথাবার্তা। উপরন্তু হাসপাতালেও এলেন না। শোনা গেল তিনি হাসপাতাল কোয়ার্টারে 'বেহেড' অবস্থায় পড়ে আছেন। পরদিন গুরুত্বপূর্ণ ওয়ার্ড-মাষ্টারের পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া হোল। তিনি ফেডারেশন-ভুক্ত, তাই ফেডারেশন কর্তৃপক্ষ ক্ষুব্ধ হয়ে উঠলেন।

কর্তৃপক্ষ নির্দ্দেশ দিলেন হাসপাতালের ফার্মেসী দিন-রাত চব্বিশ ঘণ্টা খোলা রাখতে হবে যাতে প্রয়োজনে রোগীকে ওষুধপত্তর দেওয়া যায়। চারজন ফার্মাসিষ্টের মধ্যে সকালে ৮ ঘণ্টা দুজন, বাকী ১৬ ঘণ্টা চালাবেন দু'জন। নির্দেশ পেয়ে চটে উঠলেন ফার্মেসী ষ্টাফেরা। নিয়ম মানলেন না। আগে বেলা একটা পর্যন্ত ফার্মেসী খোলা থাকত। এখন রাত আটটা পর্যন্ত খোলা থাকে। বাকী কয়েক ঘণ্টা রোগীর প্রয়োজনে ওষুধ মেলে না। বড়লোকেরা বাইরে থেকে ওষুধ কিনে আনেন। গরীবরা মারা পড়েন। এঁরা এরজন্য কৈফিয়ৎও দিতে চাইলেন না কারও কাছে।

বলা হোল শীতকালে হাসপাতালের রোগীরা কষ্ট পাচ্ছেন। হাসপাতালের চাদর, খাট, বালতিসহ যাবতীয় যা কিছু হাসপাতালের কর্মীদের বাড়িতে রাখা আছে তা ফেরত দিতে হবে। কর্মীরা চটে উঠলেন। সই পর্যন্ত করলেন না তাঁরা সে নির্দেশে। খবর নিয়ে দেখেছি বহুজনের বাড়িতেই হাসপাতালের সরকারী জিনিষ শোভা পাচ্ছে। অথচ এসব বলতে গেলেই ওঁরা চটে উঠছেন। গালিগালাজ করছেন।

হাসপাতাল থেকে চাদর, কম্বল প্রতিদিন চুরি হয়ে যাচ্ছে। দেখার দায়িত্ব কর্তব্যরতা নার্সদের। তাঁরা দেখছেন না। বলতে গেলে উল্টোপাল্টা ঝাঁঝ দেখাচ্ছেন। ডাক্তারদের কথা শোনাচ্ছেন।

হাসপাতালে শৃঙ্খলা ফেরাতে কর্তৃপক্ষ ঠিক করলেন কর্মী নেতাদের সঙ্গে বসে একটা গাইড লাইন ঠিক করবেন।

( ক্রমশঃ )

## বিজ্ঞপ্তি

এতদ্দারা বাঙ্গাবাড়ী উচ্চ বিদ্যালয়ের সহিত সংশ্লিষ্ট অথবা সংশ্লিষ্ট হইতে ইচ্ছুক সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, আগামী ২২।৩.৮১ তারিখে বাঙ্গাবাড়ী উচ্চ বিদ্যালয়ের কার্য নির্বাহক কমিটির পুনর্গঠনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে। নির্বাচনে অংশ গ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তিগণকে নিম্ন স্বাক্ষরকারীর সহিত স্কুলে (স্কুল চলাকালীন সময়ে) যোগাযোগ করিতে অনুরোধ করা যাইতেছে! 'দাতা পর্যায়-ভুক্ত ভোটার' হইতে ইচ্ছুক ব্যক্তিগণকেও নিম্ন স্বাক্ষরকারীর সহিত স্কুলে যোগাযোগ করিতে অনুরোধ করা যাইতেছে। নির্বাচনের বিস্তারিত কর্মসূচী নিম্নে প্রদত্ত হইল:— (১) প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় ১৯।২।৮১ বেলা ২টা। (২) ভোটার তালিকা-ভুক্ত হইবার দাবী অথবা আপত্তি দাখিল করিবার তারিখ ও সময় ২৭।২।৮১ বেলা ২টা পর্যন্ত। (৩) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় ৭।৩।৮১ বেলা ২টা। (৪) মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ ও সময় ১৭।৩।৮১ বেলা ২টা পর্যন্ত। (৫) মনোনয়ন-পত্র সূক্ষ্মভাবে পরীক্ষার তারিখ ও সময় ১৮।৩।৮১ বেলা ২টা। (৬) মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময় ১৯।৩।৮১ বেলা ২টা পর্যন্ত। (৭) নির্বাচনের তারিখ ও সময় ২২।৩।৮১ (সকাল ৮টা হইতে ১২টা এবং প্রয়োজনবোধে বেলা ২টা হইতে বৈকাল ৪টা পর্যন্ত)।

শ্রীনরেন্দ্রকুমার সিংহ
প্রধান শিক্ষক
বাঙ্গাবাড়ী উচ্চ বিদ্যালয়
পোঃ আলমপুর, জেলা মুর্শিদাবাদ
তাং—২৪।১২।৮০

## সভায় বোমা ভোজালি

জঙ্গিপুর, ৩ ডিসেম্বর—গতকাল কং (ই) দলের ডাকে সম্মতিনগরে অনুষ্ঠিত এক জনসভায় বোমা ও ভোজালি সমেত দু'জনকে গ্রেপ্তার এবং চালকসমেত একটি প্রাইভেট গাড়ি আটক করা হয় বলে কং (ই) দলের পক্ষ থেকে জানানো হয়েছে। দাবি করা হয়েছে, ধৃত দুই ব্যক্তি সি পি এম সমর্থক। তারা বোমা ও ভোজালি নিয়ে এম এল এ হাবিবুর রহমানকে আক্রমণের উদ্দেশ্যে সভায় এসেছিল। সন্দেহজনক আচরণে তারা ধরা পড়ে। সি পি এম এবং জনস্বার্থবিরোধী কার্যকলাপ, আইন-শৃঙ্খলার অবনতি এবং কং (ই) কর্মীদের উপর অত্যাচারের প্রতিবাদে এই জনসভা ডাকা হয়। ভাষণ দেন নুরুল ইসলাম, আবদুস সাত্তার, আনন্দমোহন বিশ্বাস প্রমুখ কং (ই) নেতৃবৃন্দ। এদিকে রঘুনাথগঞ্জ পুলিশ সূত্রে বোমা আটকের খবর অস্বীকার করে জানানো হয়েছে, শুধুমাত্র একটি ভোজালিসমেত দু'জনকে গ্রেপ্তার করা হয়। গাড়িটি একটি ঠিকাদার সংস্থার। ঘটনার সঙ্গে গাড়ির কোন সম্পর্ক নাই বলে পুলিশ জানায়।


বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
নাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস

মেশার বাস সারভিস


ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজার্ভ দেওয়া হয়।

চর্ম্মরোগ সারায়
ত্বক মসৃণ করে
চন্দ্র-মালতী
প্রস্তুতকারক—
জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ
রঘুনাথগঞ্জ (প বঃ), পিন—৭৪২২২৫

পানে ও আপ্যায়নে
চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৬২

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

এবারের রবি মরসুমে
হিন্দুস্থান ফার্টিলাইজারের
ইউরিয়া ব্যবহার করুন
(৪৬% নাইট্রোজেনযুক্ত)


কৃষিকার্যে সার্বিক উন্নতি সাধনে ব্রতী
হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিঃ
বিপণন বিভাগ: পশ্চিমবঙ্গ অঞ্চল
শাখা কার্যালয়: কোলকাতা ● দুর্গাপুর ● বহরমপুর
মেদিনীপুর ● শিলিগুড়ি
Progressive-HFC-1/80

# TENDER NOTICE

## Abridged List of Works

Sealed tenders are invited in W. B. F. No. 2908 from class-I of I. & W. Department and bonafide outsiders for works on the right bank of river Ganga/Padma damaged during the flood of 1980 detailed below, by Executive Engineer, Ganga Anti Erosion Division, P. O. Raghunathganj, Dist. Murshidabad. Estimated Cost, Earnest Money are (1)...........(5)

1. Supply of boulders at Brahmangram-Hazarpur reach in connec. with flood damage repair works to the bank pitching apron & spurs on the rt. bank of river Ganga damage during the flood of 1980 at Brahmangram-Hazarpur reach in P. S. Farakka, Dist. Msd. Time of completion—30 days. Rs. 1,66,663/-, Rs. 3,333/-

2. Supply of boulders at Dhulian reach in connec. with FDR to the revetment, bank pitching & spurs on the rt. bank of river Ganga damaged during the flood of 1980 at Dhulian reach in P. S. Samserganj Dist. Msd. Time of completion—60 days. Rs. 8,91,295/-, Rs. 17,826/-

3. Supply of boulders at Aurangabad-Durgapur reach in connec. with FDR to the bank pitching & spurs on the rt. bank of river Ganga damaged during the flood of 1980 at Aurangabad-Durgapur reach in P. S. Suti, Dist. Msd. Time of completion—45 days. Rs. 5,18,025/-, Rs. 10,361/-

4. Supply of boulders at Kutubpur reach in connec. with FDR to spurs on the rt. bank of river Padma damaged during the flood of 1980 at Kutubpur reach in P. S. Raghunathganj, Dist. Msd. Time of completion—25 days. Rs. 2,49,159/-, Rs. 4,983/-

5. Supply of boulders at Sekhalipur reach in connec. with FDR works to bank pitching & apron on the rt. bank of river Padma damaged during the flood of 1980 at Sekhalipur reach in P. S. Raghunathganj & Lalgola. Time of campletion—60 days. Rs. 10,68,702/- Rs. 20,000/-

Details regarding time allowed, tender documents and other particulars may be had from above office upto 4-00 P. M. in any working days, Saturdays upto 1-00 P. M. Last date of application for purchasing tender form 28. 1. 81 upto 1-00 P. M. cost of form WBF No. 2908 @ Rs. 2/- each, scheduled @ Rs. 2/- Rs. 4/- each. Last date of receipt of tender 30. 1. 81 upto 3-00 P. M.

Sd/- **S. K. Dey**
Executive Engineer,
Ganga Anti Erosion Division

## সরকারী কর্মীর সাজা

( ১ম পৃষ্ঠার পর )

অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। ২৩৩/৭৫নং মামলার বিবরণে প্রকাশ, ১৯৭৫ সালের ২৬ মারচ স্কুল থেকে ফেরার পথে আততায়ীরা চির-কুমার গাঙ্গুলীকে আঘাত করে। চোখের নীচে গুরুতরভাবে আঘাত পেয়ে তিনি জ্ঞান হারান। পরে দীর্ঘদিন চিকিৎসার পর তিনি আরোগ্য লাভ করেন।

## দাদাঠাকুর শতবার্ষিকী

( ১ম পৃষ্ঠার পর )

হয়েছে। কমিটির প্রথম সভায় রঘুনাথ-গঞ্জ শহরে দাদাঠাকুরের মর্মর মূর্তি স্থাপনের প্রস্তাবসহ উনিশ দফা প্রস্তাব গ্রহণ করা হয়েছে। জঙ্গিপুর পুর-সভার সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য দাদাঠাকুরের মর্মর মূর্তি স্থাপনের প্রতিশ্রুতি দিয়েছেন।

আমিও একদিন......

দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর—এমনিভাবেই দাঁড়িয়ে ছিলাম।

এই থমকে দাঁড়িয়ে থাকার থেকে আজ আমি সদা কর্মব্যস্ত। জনপ্রিয় এই কর্মব্যস্ততা আমার মধ্যে এনে দিয়েছে। এই থমকে থাকা জীবন থেকে বেরিয়ে এসে আজ আমি এক সন্তানের পিতা এবং সুখী। শুধু আমিই নই—আমার মতন আরো হাজার হাজার বেকারের মুখেও জনপ্রিয় আজ আশার আলো জাগিয়েছে।

জনপ্রিয় ফিনানস এণ্ড ইণ্ডাষ্ট্রীয়াল ইনভেষ্টমেণ্ট ( ইণ্ডিয়া ) লিমিটেড

হেড অফিস—চ্যাটার্জ্জী ইণ্টারন্যাশনাল সেণ্টার
( ৫ম তল )

৩৩এ জহরলাল নেহেরু রোড ( চৌরঙ্গী রোড ) কলি-৭০০০৭১

ভারতের সর্বত্র আমাদের ব্রাঞ্চ অফিস ও অর্গানাইজেশন অফিস আছে।

শাখা অফিস—ষ্টেশন রোড, বহরমপুর

শীঘ্রই রঘুনাথগঞ্জে অর্গানাইজেশন অফিস খোলা হইতেছে।

সকলের প্রিয় এবং বাজারের সেরা

ভারত বেকারীর শ্লাইজ ব্রেড

মির্জাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অমুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।